গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রতিরক্ষা মন্ত্রণালয়
ডি-২৬ অধিশাখা
www.mod.gov.bd

নম্বর: ২৩.০০.০০০০.২৬০.০২. ৮১১.২৮. ৬০৭ তারিখ: ২৪ মার্চ ২০২৪

প্রাপকঃ চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার
চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার এর কার্যালয়
প্রতিরক্ষা মন্ত্রণালয়
২২, পুরানা পল্টন, ঢাকা।

**বিষয়ঃ ২০২৩-২০২৪ অর্থবছরের বাজেটে প্রাধিকারপ্রাপ্ত সশস্ত্র বাহিনীর কর্মকর্তাদের গাড়ি ক্রয়ের জন্য সুদমুক্ত ঋণ হিসেবে ৩০০০০০০ /- (ত্রিশ লক্ষ) টাকা মঞ্জুরি।**

জনাব,

আদিষ্ট হয়ে **BA-8196 মেজর সাবরিন তাবাসসুম**-এর অনুকূলে "প্রাধিকারপ্রাপ্ত সশস্ত্র বাহিনীর কর্মকর্তাদের সুদমুক্ত ঋণ এবং গাড়ি সেবা নগদায়ন নীতিমালা, ২০২২ (সংশোধিত)" অনুযায়ী নতুন অথবা গাড়ি ক্রয়ের তারিখ হতে ০৫ (পাঁচ) বছরের মধ্যে প্রস্তুতকৃত সেডান কার বা জীপ ক্রয় করার জন্য ৩০০০০০০/- (ত্রিশ লক্ষ) টাকা নিম্নোক্ত শর্তে ঋণ মঞ্জুরি জ্ঞাপন করছি :

(ক) ঋণ গ্রহণ, গাড়ি ক্রয় ও ব্যবহার ইত্যাদি ক্ষেত্রে 'প্রাধিকারপ্রাপ্ত সশস্ত্র বাহিনীর কর্মকর্তাদের সুদমুক্ত ঋণ এবং গাড়ি সেবা নগদায়ন নীতিমালা, ২০২২ (সংশোধিত)' অনুসরণ করতে হবে এবং চুক্তি সম্পাদনের অনধিক ৯০ (নব্বই) দিনের মধ্যে সংশ্লিষ্ট কর্মকর্তাকে গাড়ি ক্রয়, রেজিস্ট্রেশন, বীমা ও এতদ্সংক্রান্ত অন্যান্য কার্যাদি সম্পন্ন করতে হবে। এর ব্যত্যয় হলে ৯০ (নব্বই) দিনের পর হতে সুদমুক্ত ঋণের সম্পূর্ণ অর্থের উপর শতকরা ১৫ (পনের) টাকা হারে জরিমানা প্রদান করতে হবে।

(খ) কোন প্রাধিকারপ্রাপ্ত কর্মকর্তা সুদমুক্ত ঋণের চেক গ্রহণের পর তিনি তা প্রত্যাহার করতে চাইলে সুদমুক্ত ঋণের চেক ইস্যুর তারিখ হতে সম্পূর্ণ অর্থের উপর শতকরা ১৫ (পনের) টাকা হারে জরিমানা প্রদান করতে হবে। তবে, নিয়ন্ত্রণ বহির্ভূত কারণে চেকের অর্থ নগদায়ন করতে না পারলে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের সচিবের সুপারিশের পরিপ্রেক্ষিতে সিনিয়র সচিব/সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয় এর অনুমোদনক্রমে জরিমানা প্রদান ব্যতিরেকে চেক ফেরত প্রদান করতে পারবেন।

(গ) সুদমুক্ত ঋণপ্রাপ্ত কর্মকর্তা মঞ্জুরীকৃত অর্থের অধিক ব্যয়ে গাড়ি ক্রয় করলে উক্ত অতিরিক্ত পরিমাণ অর্থ সরকারের নিকট হতে দাবি করতে পারবেন না। তবে মঞ্জুরিকৃত অর্থের ২০% অধিক ব্যয়ে গাড়ি ক্রয়ের ক্ষেত্রে প্রয়োজনীয় কাগজপত্র দাখিলপূর্বক প্রতিরক্ষা মন্ত্রণালয়ের পূর্বানুমোদন গ্রহণ করতে হবে। এক্ষেত্রে আয়ের সাথে সঙ্গতি রেখে গাড়ি ক্রয় করতে হবে। মঞ্জুরীকৃত অর্থের কমমূল্যে ক্রয়কৃত গাড়ির অব্যয়িত অর্থ নীতিমালার ৭(২) অনুযায়ী সরকার বরাবর ফেরত প্রদান করতে হবে। এর ব্যত্যয় হলে চুক্তি সম্পাদনের ৯০ (নব্বই) দিনের পর হতে অব্যয়িত অর্থের উপর শতকরা ১৫ (পনের) টাকা হারে জরিমানাসহ ফেরত প্রদান করতে হবে।

(ঘ) বিশেষ সুবিধা গ্রহণকারী কোন কর্মকর্তা সাধারণভাবে তাঁর দপ্তর/সংস্থা/প্রকল্প হতে কোন গাড়ি সরকারি বা ব্যক্তিগত প্রয়োজনে ব্যবহার করতে পারবেন না; এর ব্যত্যয় হলে নীতিমালা-১৭(৪) অনুযায়ী সামরিক শৃঙ্খলা পরিপন্থি আচরণ বলে গণ্য হবে।

(ঙ) সুদমুক্ত ঋণ ১% (এক শতাংশ) সার্ভিস চার্জসহ সর্বোচ্চ ১২০টি সমান কিস্তিতে আদায়যোগ্য হবে এবং অগ্রিমের চেক ইস্যুর পরবর্তী মাসের বেতন হতে কর্তন শুরু করা হবে। এর ব্যত্যয় হলে চেক গ্রহণের তারিখ হতে খেলাপি কিস্তির উপর শতকরা ১৫ (পনের) টাকা হারে জরিমানাসহ খেলাপি কিস্তি প্রদান করতে হবে।

(চ) সুদমুক্ত ঋণপ্রাপ্ত কর্মকর্তা গাড়ি ক্রয়ের পর গাড়ির ফিটনেস, ফার্স্ট পার্টি বীমা, ট্যাক্স টোকেন, রেজিস্ট্রেশন, চেক ইস্যুর প্রমাণপত্র ও গাড়ি ক্রয়ের রশিদ এর মূল কপি উপস্থাপনসহ উভয় পক্ষের মাধ্যমে মূল কপির সত্যায়িত কপি এবং পরিবহণ ব্যবহার সংক্রান্ত না-দাবী ছাড়পত্র (প্রযোজ্য ক্ষেত্রে) জমা প্রদানপূর্বক 'গ' ফরম স্বাক্ষর করতে হবে। তবে পেনশন ও আনুতোষিক মঞ্জুরির লক্ষ্যে না দাবী গ্রহণ ও বন্ধকী অবমুক্তির সময়ে উক্ত গাড়ির হালনাগাদ ফিটনেস, ট্যাক্স-টোকেন, বীমা এবং রেজিস্ট্রেশন/ডিজিটাল রেজিস্ট্রেশনের মূল কপি শাখা কর্মকর্তার নিকট উপস্থাপন সাপেক্ষে না-দাবীসহ "ঘ" ফরমের মাধ্যমে বন্ধকী অবমুক্তি পত্র গ্রহণ করতে হবে।

(ছ) সুদমুক্ত ঋণপ্রাপ্ত কর্মকর্তা 'গ' ফরম স্বাক্ষরের পরবর্তী মাস হতে গাড়ি সচল রাখার প্রয়োজনে রক্ষণাবেক্ষণ, জ্বালানী, ড্রাইভারের বেতন ইত্যাদি বাবদ নীতিমালা অনুযায়ী গাড়ি রক্ষণাবেক্ষণ ব্যয় বাবদ মাসিক ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা সংশ্লিষ্ট বাহিনী/দপ্তর/সংস্থা হতে নির্বাহ হবে। তবে তিনি চুক্তি স্বাক্ষরের তারিখ হতে উক্ত মাসের অবশিষ্ট সময়ের জন্য আংশিক রক্ষণাবেক্ষণ ব্যয় প্রাপ্য হবেন। উল্লেখ্য, স্বাক্ষরিত 'গ' ফরমের প্রমাণক ছাড়া কোনক্রমেই গাড়ি রক্ষণাবেক্ষণ ব্যয় প্রাপ্য হবেন না। এর ব্যত্যয় হলে রক্ষণাবেক্ষণ ব্যয় বাবদ উত্তোলিত অর্থ শতকরা ১৫ (পনের) টাকা হারে জরিমানাসহ ফেরত প্রদান করতে হবে।

(জ) নীতিমালা ৮ এর অধীন সম্পাদিত চুক্তির কোন শর্তের বরখেলাপ বা সরকারের অনুমতি ব্যতিরেকে ক্রয়কৃত গাড়ি বিক্রয় করলে এ বিধির অধীনে কোন গাড়ি রক্ষণাবেক্ষণ ব্যয় প্রাপ্য হবেন না।

(ঝ) নীতিমালা ১৫ এর (২) অনুসারে গাড়ি রক্ষণাবেক্ষণ ব্যয় প্রদান স্থগিত থাকলেও ঋণের কিস্তি নিয়মিত পরিশোধ করতে হবে এবং এর ব্যত্যয় হলে ১৫% হারে জরিমানাসহ কিস্তির অর্থ জমাপ্রদান করতে হবে।

(ঞ) প্রাধিকারপ্রাপ্ত সশস্ত্র বাহিনীর কোন কর্মকর্তার সার্বক্ষণিক গাড়ি ব্যবহারের সুবিধা থাকলে উক্ত কর্মকর্তার নিজ গাড়ি সচল রাখার প্রয়োজনে মেরামত/সংরক্ষণ, জ্বালানী, ড্রাইভারের বেতন ইত্যাদি বাবদ নীতিমালা ১০ (১) অনুযায়ী গাড়ি রক্ষণাবেক্ষণ ব্যয়ের ৫০% অর্থ সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা হতে প্রাপ্য হবেন। সার্বক্ষণিক গাড়ি ব্যবহারের সুবিধা না থাকলে সংশ্লিষ্ট দপ্তর প্রধানের সুপারিশসহ সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের ছাড়পত্র প্রদানের পর ১০০% গাড়ি রক্ষণাবেক্ষণ ব্যয় প্রাপ্য হবেন। ১০০% রক্ষণাবেক্ষণ ব্যয়প্রাপ্ত কর্মকর্তা অফিসে যাতায়াত বা অন্য কোন কাজের জন্য কোনভাবেই কর্মস্থলের গাড়ি ব্যবহার করবেন না।

(ট) বিদেশে অধ্যয়নরত সশস্ত্র বাহিনীর কর্মকর্তা এবং বিদেশে বাংলাদেশ সরকারের কোন মিশন/সংস্থায় কর্মরত অবস্থায় এবং জাতিসংঘ মিশনে নিয়োজিত অবস্থায় রক্ষণাবেক্ষণ ব্যয়ের ৫০% প্রাপ্য হবেন। তবে, সুদমুক্ত ঋণপ্রাপ্ত কোন প্রাধিকারপ্রাপ্ত কর্মকর্তা বৈদেশিক চাকরিতে নিয়োগপ্রাপ্ত হলে অথবা লিয়েনে গমণ করলে উক্ত সময়ে এ নীতিমালার অধীন প্রদত্ত গাড়ি রক্ষণাবেক্ষন ব্যয় প্রাপ্য হবেন না।

(ঠ) সুদমুক্ত ঋণের টাকা চাকুরিরত অবস্থায় বেতন থেকে প্রতি মাসে কমপক্ষে ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা হিসেবে মূল কোড নং- "১১৯০১০১-১২০০০০৮০১-৭২১৫১০৩" -তে প্রাধিকারভুক্ত কর্মকর্তাদের "সুদমুক্ত ঋণ" খাতে অবশ্যই কর্তন করতে হবে। এর ব্যত্যয় হলে ১৫% হারে জরিমানা প্রদান করতে হবে।

(ড) সুদমুক্ত ঋণের অর্থে ক্রয়কৃত গাড়ির কাগজপত্র দাখিলপূর্বক 'গ' ফরম (বন্ধকী ফরম) স্বাক্ষরের সময় চাকরিকাল অনুযায়ী নির্ধারিত সিডিউল মোতাবেক কিস্তি পুনঃনির্ধারণ করা হবে। পুনঃনির্ধারিত কিস্তির সাথে নির্ধারিত ১% (এক শতাংশ) সার্ভিস চার্জের কিস্তি কোড নং-"১১৯০১০১-১২০০০০৮০১-১৪১১৪০১" তে অবশ্যই কর্তন করতে হবে। তবে উল্লেখ থাকে যে, কিস্তি পুনঃনির্ধারণের পূর্বে কর্তনকৃত কিস্তির উপরও ১% (এক শতাংশ) সার্ভিস চার্জ প্রযোজ্য হবে।

(ঢ) সুদমুক্ত ঋণের মাসিক কিস্তি ও সার্ভিস চার্জ মাসিক বেতন বিলের সাথে কর্তন করা সম্ভব না হলে ট্রেজারী চালানের মাধ্যমে ঋণের মাসিক কিস্তি কোড নং- ১-১৯০১-০০০১-৩৯১৫ এবং ১% সার্ভিস চার্জ কোড নং- ১-১৯০১-০০০১-১৬৪৬ এর মাধ্যমে জমা দেয়া যাবে।

(ণ) প্রাধিকারপ্রাপ্ত সশস্ত্র বাহিনীর কর্মকর্তাকে সরকারি দায়িত্ব পালনের লক্ষ্যে সরকারি গাড়ির পরিবর্তে গাড়ি ক্রয়ের জন্য নগদায়নের সুবিধা প্রদান করা হয়। সরকারি দায়িত্ব পালনে গাড়ি ব্যবহারের ফলে প্রতি বছর গাড়ির আয়ুস্কাল হ্রাস পায় এবং সরকারি আদেশ অনুযায়ী গাড়ির আয়ুস্কাল আট বছর। গাড়ির অবচয় সুবিধা প্রাপ্য সময়ে [অবচয় কাল ০৮ (আট) বছরের মধ্যে] কোন কর্মকর্তা এল.পি.আর. গমন করলে উক্ত কর্মকর্তা এল.পি.আর. সময় অবচয় সুবিধা প্রাপ্য হবেন। এ কারণে বছরে ১০% হারে অবচয় (Depreciation Cost) বাদ দিয়ে অবশিষ্ট মূল্য পরিশোধ করে নীতিমালার 'ঘ' ফরম অনুযায়ী গাড়ির বন্ধক কাল শেষ হবে। 'গ' ফরম (বন্ধকী ফরম) স্বাক্ষরের তারিখ হতে অবচয় (Depreciation Cost) এর হিসাব শুরু হবে।

২। সুদমুক্ত ঋণের টাকা চলতি ২০২৩-২০২৪ অর্থবছরের বাজেটে "১১৯০১০১-১২০০০০৮০১-৭২১৫১০৩"-প্রাধিকারপ্রাপ্ত সশস্ত্র বাহিনীর কর্মকর্তাদের "সুদমুক্ত ঋণ" খাতে বরাদ্দকৃত অর্থ হতে নির্বাহ করা হবে।

৩। (ক) সংশ্লিষ্ট কর্মকর্তার জন্ম তারিখঃ ৩১-জানুয়ারি-১৯৯২ খ্রিস্টাব্দ।

(খ) সংশ্লিষ্ট কর্মকর্তার এল পি আর গমনের তারিখঃ ৩০-জানুয়ারি-২০৪২।

৪। এতে যথাযথ কর্তৃপক্ষের সম্মতি আছে।

আপনার বিশ্বস্ত,

(স্বাক্ষর)

**(মোঃ ইকবাল হোসেন)**
উপসচিব
ফোন-০২-৪৮১২২৫৩৫
ইমেইল-d26@mod.gov.bd

নং- ২৩.০০.০০০০.২৬০.০২. ৫১১.২৫.৩০৯- তারিখ: ২৪ মার্চ ২০২৪

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. সিজিডিএফ, সিজিডিএফ-এর কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা।
২. প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, প্রশাসন ও ব্যবস্থাপনা পরিদপ্তর, ঢাকা সেনানিবাস, ঢাকা।
৩. উপসচিব (অধিশাখা-৮), প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা (.................................................................... এ অথোরাইজেশনের অনুরোধসহ)।
৪. এসটি পরিদপ্তর, কিউএমজি'র শাখা, সেনাসদর, ঢাকা সেনানিবাস, ঢাকা / বেতন, পেনশন ও হিসাব পরিদপ্তর, নৌবাহিনী সদর দপ্তর, বনানী, ঢাকা / অর্থ পরিদপ্তর, বিমান সদর, ঢাকা সেনানিবাস, ঢাকা।
৫. উপসচিব (ডি-১/ডি-৬/ডি-৭/ডি-৮/ডি-১০/ডি-১৮ অধিশাখা), প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৬. সংশ্লিষ্ট কর্মকর্তা **BA-8196 মেজর সাবরিন তাবাসসুম, কোম্পানি কমান্ডার, ১ ইঞ্জিনিয়ার ব্যাটালিয়ন, চট্টগ্রাম সেনানিবা** ।
৭. সিনিয়র সচিবের একান্ত সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৮. সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৯. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার ..........................................................................
১০. হিসাবরক্ষণ কর্মকর্তা, হিসাব কোষ, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

**(মোঃ ইকবাল হোসেন)**
উপসচিব